

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫১২

8/ জুমু'আ (كِتَاب الْجُمُعَةِ عَنْ رَسُول اللَّهِ عَلَىٰ اللَّهِ عَنْ رَسُول اللَّهِ عَلَىٰ اللَّهِ

পরিচ্ছেদঃ ইমামের খুৎবা প্রদানের সময় কথা বলা জায়েয নয়।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الْكَلاَم وَالإِمَامُ يَخْطُبُ

আরবী

حَدَّتَنَا قُتَيْبَةُ، حَدَّتَنَا اللَّيْثُ، عَنْ عُقَيْلٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَعِيد بْنِ الْمُسَيَّبِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ قَالَ يَوْمَ الْجُمُعَةِ وَالإِمَامُ يَخْطُبُ هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ قَالَ يَوْمَ الْجُمُعَةِ وَالإِمَامُ يَخْطُبُ أَنْصِتْ فَقَدْ لَغَا " . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ أَبِي أَوْفَى وَجَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثُ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَيْهِ عِنْدَ أَهْلِ الْعِلْمِ كَرِهُوا عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثُ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَيْهِ عِنْدَ أَهْلِ الْعِلْمِ كَرِهُوا لِلرَّجُلِ أَنْ يَتَكَلَّمَ وَالإِمَامُ يَخْطُبُ وَقَالُوا إِنْ تَكَلَّمَ غَيْرُهُ فَلاَ يُنْكِرْ عَلَيْهِ إِلاَّ بِالإِشَارَةِ . وَاخْتَلَفُوا فِي رَدِّ السَّلامِ وَتَشْمِيتِ الْعَاطِسِ وَالإِمَامُ يَخْطُبُ فَوَلَ يُوْكُ أَدْمُدَ وَإِسْحَاقَ . وَكَرِهَ وَالْمُالِمُ وَتَشْمِيتِ الْعَاطِسِ وَالإِمَامُ يَخْطُبُ وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ . وَكَرِهَ فِي رَدِّ السَّلامِ وَتَشْمِيتِ الْعَاطِسِ وَالإِمَامُ يَخْطُبُ وَهُو قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ . وَكَرِهُ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنَ التَّابِعِينَ وَغَيْرِهِمْ ذَلِكَ وَهُوَ قَوْلُ الشَّافِعِيّ .

বাংলা

৫১২. কুতায়বা (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ ইমামের খুতবা প্রদানের সময় কেউ যদি (কাউকে) বলেঃ চুপ করুন, তবে সেও অনর্থক কাজ করল। - ইবনু মাজাহ ১১১০, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৫১২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু আবী আওফা এবং জাবির ইবনু আবদিল্লাহ রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত হয়েছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদীসটি হাসান-সহীহ। আলিমগণ এই হাদীস অনুসারে আমল করেছেন। ইমামের খুতবা প্রদানের সময় কথা বলা নিন্দনীয় বলে তারা মনে করেন। যদি অন্য কেউ কথা বলে, তবে তাকেও কথাও নয়, ইশারায় নিষেধ করতে হবে। এই অবস্থায় সালামের জবাব দান ও হাঁচি প্রদানের উত্তরে ইয়ারহামুকাল্লাহ বলা সম্পর্কে আলিমদের মতবিরোধ রয়েছে। কতক আলিম ইমামের খুতবা প্রদানের সময় এইরূপ কাজের অনুমতি দিয়েছেন। এ হ'ল ইমাম আহমদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। তাবিঈ ও অপরাপর কতক আলিম এমতাবস্থায় এইরূপ কাজ পছন্দনীয় নয় বলে মত ব্যক্ত করেছেন। এ হ'ল ইমাম শাফিঈ (রহঃ)-এর অভিমত।



English

Abu Hurairah narrated that :

Allah's Messenger said: "Whoever said: 'Be quiet' while the Imam is giving the Khutbah then he has committed Laghw (useless activity)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

